19 APR 2017
পৃষ্ঠা ১৬ ... কলাম 2 ...

সংবাদ

এসডিজি বাস্তবায়নে

# নারীর শিক্ষা ও সচেতনতায় জোর দিতে হবে

■ নাগরিক সংলাপে বক্তারা

নিজস্ব বার্তা পরিবেশক

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে পুরুষ এবং নারীকে সমানতালে এগিয়ে নিতে হবে। এজন্য নারীর শিক্ষা, প্রশিক্ষণ, নিরাপত্তা ও সচেতনতার ওপর জোর দিতে হবে। এছাড়া নারী-পুরুষ নির্বিশেষে সঠিক ধর্মীয় শিক্ষা প্রদান, পারিবারিক নৈতিকতা শিক্ষা দেয়া ও সরকারি-বেসরকারি সমন্বিত পরিকল্পনা করে আগাতে হবে। তবে এক্ষেত্রে পিছিয়েপড়া গোষ্ঠীকে এগিয়ে নিতে হলে কিছু বাড়তি সুবিধা দিতে হবে। গতকাল বৈশ্বিক উন্নয়ন এজেন্ডা ও নারীর অধিকার : নতুন বিবেচনা' শীর্ষক এক নাগরিক সংলাপে বক্তরা এসব সুপারিশ করেন।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম' ও বাংলাদেশ মহিলা পরিষদ সংলাপটির আয়োজন করে। সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের জোর : পৃষ্ঠা : ২ ক : ৭

## জোর : দিতে হবে

(১৬ পৃষ্ঠার পর)

সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন নারী ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। এতে বিশেষ অতিথি ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ, বাংলাদেশ মহিলা আইনজীবী অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সালমা আলি পরিকল্পনা কমিশনের সদস্য ড. সামসুল আলম।

এছাড়া ইউমেন চেম্বারের সভাপতি সেলিমা আহমেদ, নারী নেত্রী মালেকা বেগম, উন্নয়নকর্মী মালেকা খানসহ আরও অনেকে বক্তব্য দেন। সংলাপে বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক রাখী দাশ পুরকায়স্থ একটি উপস্থাপনা করেন। এতে তিনি এসডিজি বাস্তবায়ন নারীর অধিকার, দায়িত্ব ও চ্যালেঞ্জগুলো তুলে ধরেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| কর্মকর্তা | |
| | |

সর্বার্থে/জ্ঞাতার্থে